



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮  
www.nstda.gov.bd



নং-০৩.১৪.২৬৯২.৮৭৮.১৪.০৩৬.২০- ২২০

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৭  
১৪ মার্চ ২০২১

## বিজ্ঞপ্তি

বিষয়: দক্ষতা মূল্যায়নের নিমিত্ত অ্যাসেসর পুলভুক্তি সংক্রান্ত।

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ধারা ৬(১)(খ) অনুযায়ী প্রশিক্ষণার্থীদের জাতীয় পর্যায়ে সনদায়নের উদ্দেশ্যে অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনার নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (NSDA) অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

২। অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির নিমিত্ত 'অ্যাসেসর অ্যাসেসমেন্ট গাইডলাইন-২০২০' এর আলোকে প্রণীত আবেদনের ছক কর্তৃপক্ষের ওয়েবসাইটে ([www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)) পাওয়া যাবে।

৩। এমতাবস্থায় আগ্রহী প্রার্থীগণকে আগামী ২১/০৩/২০২১ তারিখের মধ্যে নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, যারা পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

৪। সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে স্ব-শরীরে উপস্থিত হয়ে অ্যাসেসমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

১৪/০৩/২১

(মো: নূরুল আমিন)

সদস্য (নিবন্ধন ও সনদায়ন)

যোগাযোগঃ

ফোন: +৮৮০২-৮৮৯১১২৯

ফোন: +৮৮০২-৮৮৯১০৯৮